

“মুজিব বর্ষে বিআরডিবি’র অঙ্গীকার  
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
সরেজমিন বিভাগ, মার্কেটিং শাখা  
৫, কাওরানবাজার, ঢাকা



তারিখঃ ১৮/০২/২০২১ খ্রিঃ

স্মারক নং ৪৭.৬২.০০০০.৫০৪.০০.০৮৫.২০.১৬৯৮

**বিষয়ঃ উপজেলাভিত্তিক রেকর্ডস হালনাগাদকরণ বিশেষ তদারকি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি’র চলমান ক্র্যাশ প্রোগ্রামের শুরুর থেকেই মাঠ পর্যায়ের ডিটেইল লিস্ট, ডব্লিউসিএস, পাশ বহি, ক্যাশ বহি এবং মাসিক ক্যাশ একাউন্টসহ অন্যান্য রেকর্ডস যথাযথভাবে হালনাগাদকরণ এবং বিদ্যমান অনিয়মসমূহ নিয়মিতকরণের জন্য মহাপরিচালক মহোদয় কর্তৃক গত ০৫ জুলাই, ২০২০ খ্রিঃ তারিখে বিশেষ নির্দেশনা এবং ০৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ তারিখে ২৪ দফা অনুশাসন জারি করা সত্ত্বেও মাঠ পর্যায়ে এখনো বর্ণিত রেকর্ডসসমূহ হালনাগাদকরণে গাফিলতি এবং আর্থিক অনিয়ম সংঘটনের ঘটনা পরিলক্ষিত হচ্ছে, যা অত্যন্ত উদ্বেগজনক। এমতাবস্থায়, ক্র্যাশ প্রোগ্রামের আওতায় টাস্কফোর্স প্রধান, মনিটরিং কর্মকর্তা এবং নিরীক্ষা ও পরিদর্শন দলের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে কঠোর তদারিক চালানো অপরিহার্য। সে প্রেক্ষিতে সাপ্তাহিকভিত্তিতে নিম্নরূপ ছকে উপজেলা হতে তথ্যাদি সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

**ছক**

উপজেলাঃ -----জেলাঃ-----, বিভাগঃ -----, তারিখঃ -----

ক্র নং	হালনাগাদকরণের বিষয়	সম্পূর্ণ হালনাগাদ/প্রস্তুত হয়েছে কিনা			মন্তব্য
		হ্যাঁ	না	না হলে কারণ এবং কবে সম্পন্ন হবে তার বিবরণ	
১	২	৩	৪	৫	৬
১	সদস্য ভিত্তিক ডিটেইল লিস্ট				
২	সমিতি ভিত্তিক ডিটেইল লিস্ট				
৩	ডব্লিউসিএস				
৪	পাশ বহি				
৫	ক্যাশ বহি				
৬	মাসিক ক্যাশ একাউন্ট				

জেলা পর্যায়ের উপপরিচালকগণ বর্ণিত ছকে নিয়ন্ত্রণাধীন উপজেলা হতে তথ্য সংগ্রহ করতঃ উপজেলা পরিদর্শন, মাসিক সমন্বয় সভা অনুষ্ঠান এবং স্ব স্ব কৌশলে তথ্যের সঠিকতা যাচাইপূর্বক সপ্তাহের প্রতি বৃহস্পতিবার জেলার দায়িত্বপ্রাপ্ত নিরীক্ষা ও পরিদর্শন দলের দলনেতার নিকট প্রেরণ নিশ্চিত করবেন। দলনেতাগণ প্রাপ্ত তথ্য বিশ্লেষণপূর্বক সপ্তাহের প্রতি সোমবার অনুষ্ঠিতব্য সভায় উপস্থাপন করবেন।

মোঃ সাঈদ কুতুব (যুগ্মসচিব)

পরিচালক (প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা  
ও কার্যকরী সমন্বয়ক, ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১।

উপপরিচালক (সকল)

বিআরডিবি, ----- জেলা।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৫০৪.০০.০৮৫.২০.১৬৯৮

তারিখঃ ১৮/০২/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক (-----), বিআরডিবি, ঢাকা ও টাস্কফোর্স প্রধান, ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১।
- ২। যুগ্ম পরিচালক/প্রকল্প পরিচালক (-----), বিআরডিবি, ঢাকা ও মনিটরিং কর্মকর্তা, ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১।
- ৩। উপপরিচালক (-----), বিআরডিবি, ঢাকা ও দলনেতা, ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সহকারী পরিচালক (-----), বিআরডিবি, ঢাকা ও সহযোগী সদস্য, সংশ্লিষ্ট অডিট টিম।

মোঃ আলাউদ্দিন সরকার

উপপরিচালক (মার্কেটিং), বিআরডিবি, ঢাকা।  
ও ফোকাল পয়েন্ট, ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১